

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৪৯০

১৫. কুরআন প্রসঙ্গ (کتاب القرآن) পরিচ্ছেদঃ ৮. দু'আ প্রসঙ্গ

بَابِ مَا جَاءَ فِي الدُّعَاءِ

## আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جَابِرِ بْنِ عَتِيكٍ أَنَّهُ قَالَ جَاءَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ فِي بَنِي مُعَاوِيَة وَهِيَ قَرْيَةٌ مِنْ قُرَى الْأَنْصَارِ فَقَالَ هَلْ تَدْرُونَ أَيْنَ صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ مَسْجِدِكُمْ هَذَا فَقُلْتُ لَهُ نَعَمْ وَأَشَرْتُ لَهُ إِلَى نَاحِيَةٍ مِنْهُ فَقَالَ هَلْ تَدْرِي مَا التَّلَاثُ الَّتِي دَعَا بِهِنَّ فِيهِ فَقُلْتُ نَعَمْ قَالَ فَأَخْبِرْنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يُخْمُ فَالَ فَأَخْبِرْنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يُجْعَلَ بَأْسَهُمْ لَا يُخْمِرُنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يَجْعَلَ بَأْسَهُمْ لَا يُخْمِرُنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يَجْعَلَ بَأْسَهُمْ لَا يُخْمِرُنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يَجْعَلَ بَأْسَهُمْ لَا يُخْمِرُنِي بِهِنَّ فَقُلْتُ دَعَا بِأَنْ لَا يَجْعَلَ بَأْسَهُمْ لَا يُخْمِرُنِي بَهِنَّ فَقُلْتُ مَا لَا يَعْمِلُ فَلَا يَعْمُ لَا يَعْمُ لَا يَعْمُ لَا لَكُولُونَ لَا يَجْعَلَ بَأْسَهُمْ فَمُنِعَهَا قَالَ صَدَقْتَ قَالَ ابْنُ عُمْرَ فَلَنْ يَزَالَ الْهَرْجُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ الْقَالَ مَدَوْتَ قَالَ ابْنُ عُمْرَ فَلَنْ يَزَالَ الْهَرْجُ إِلَى يَوْمِ الْقِيَامَةِ

## বাংলা

রেওয়ায়ত ৩৫. আবদুল্লাহ্ ইবন জাবির ইবন আতিক (রহঃ) বলেনঃ আমাদের নিকট আবদুল্লাহ্ ইবন উমর (রাঃ) আসিলেন বনু মুআবিয়াতে— ইহা আনসারগণ আধুষিত একটি লোকালয়। তিনি বলিলেন, তোমাদের মসজিদের কোন স্থানে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম নামায পড়িয়াছেন, তোমরা তাহা অবগত আছ কি? আমি তাহাকে বলিলামঃ হাাঁ এবং সেই মসজিদের এক কিনারার দিকে ইশারা করিলাম। তারপর তিনি আমাকে বলিলেনঃ তুমি জান কি সেই তিনটি দু'আ কি ছিল যাহা রাসূলুল্লাহ্ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম সেই স্থানে করিয়াছিলেন? আমি বললামঃ হাাঁ। তিনি বলিলেন, তবে আমাকে সেই দু'আগুলির খবর দাও। অতঃপর আমি বলিলামঃ তিনি দু'আ করিয়াছেন- (১) যেন তাহাদের উপর অমুসলিম শক্রকে বিজয়ী না করা হয়। (২) আর দুর্ভিক্ষ দ্বারা যেন তাহাদিগকে ধ্বংস করা না হয়। এই দুইটি তাহাকে প্রদান করা হইয়াছে। তিনি আরও দু'আ করিয়াছেন, (৩) তাহাদের ধ্বংস তাহাদের পরস্পরের হানাহানি দ্বারা যেন না হয়। কিন্তু তাহার এই দুআ মঞ্জুর করা হয় নাই। তিনি বলিলেনঃ তুমি ঠিক বলিয়াছ। আবদুল্লাহ্ (রাঃ) বললেনঃ তবে পরস্পরের কলহ বরাবর থাকিবে কিয়মত দিবস পর্যন্ত।

## **English**



Yahya related to me from Malik that Abdullah ibn Abdullah ibn Jabir ibn Atik said that Abdullah ibn Umar had come to them in Bani Muawiya, one of the villages of the Ansar, and said, "Do you know where the Messenger of Allah, may Allah bless him and grant him peace, prayed in this mosque of yours? "I told him, "Yes," and I pointed out a place near where he was. He said, "Do you know the three things for which he made dua here?" I said "Yes." He said, "Tell me them then." I said, "He asked that He would not make an enemy from among the non- believers triumph over the believers and that He would not destroy the believers by bad harvests, and he was given both these things. And he asked that He would not make the believers fight among themselves, and that was refused." Ibn Umar said, "You have told the truth," and he added, "Turmoil will not cease until the day of rising."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন